# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৮

২. সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১) কুরআন ও সুন্নাহর অনুসরণের প্রতি উৎসাহ দান

الترغيب في اتباع الكتاب والسنة

আরবী

عن أبي شريح الخزاعي قال خرج علينا رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال: أَلَيْسَ تَشْهَدُونَ أَنْ لا إِلَهَ إِلا اللَّهُ ، وَأَنِّي رَسُولُ اللَّهِ ؟ قالوا بلى : نَعَمْ ، قَالَ :إِنَّ هَذَا الْقُرْآنَ طَرَفُهُ بِيَدِ اللَّهِ ، وَطَرَفُهُ بِأَيْدِيكُمْ ، فَتَمَسَّكُوا بِهِ ، فإنكم لن تضلوا وَلن تُهْلَكُوا بَعْدَهُ أَبدًا.
(رواه الطبراني في الكبير بإسناد جيد)

বাংলা

৩৮. (সহীহ্) আবূ শুরাইহ আল খুযায়ী বলেনঃ একদা রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের নিকট এসে বললেনঃ

“তোমরা সুসংবাদ গ্রহণ কর! তোমরা কি একথার সাক্ষ্য দাও না যে, "আল্লাহ্ ছাড়া সত্য কোন উপাস্য নেই, এবং আমি আল্লাহর রাসূল?” তাঁরা বললেনঃ অবশ্যই।

তিনি বললেনঃ “নিশ্চয় এ কুরআনের এক দিক আল্লাহর হাতে রয়েছে এবং আর এক দিক তোমাদের হাতে রয়েছে। তোমরা উহা আঁকড়ে ধরে থাক। তাহলে এরপর তোমরা কখনই বিভ্রান্ত বা ধ্বংস হবে না।”

(উত্তম সনদে ত্বাবরানী [কাবীর] গ্রন্থে হাদীছটি বর্ণনা করেছেন। শায়খ আলবানী বলেনঃ হাদীছটি সহীহ্ সনদে আরে বর্ণনা করেন, ইবনু হিব্বান স্বীয় [সহীহ্] গ্রন্থে এবং ইবনু নছর [ক্বিয়ামুল্ লাইল] গ্রন্থে।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ শুরাইহ্ খুওয়াইলিদ ইবনু আমর খুযায়ী (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87798

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন